


পল্লী বিদ্যুৎ

সংবাদ বিচিত্রা

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড



IMS (ISO 9001, ISO 14001 & OHSAS 18001) Certified

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড এর
মুখপত্র

৪৩ বর্ষ ২৬ সংখ্যা

জনসংযোগ পরিদপ্তর কর্তৃক প্রকাশিত

জুলাই-আগস্ট ২০১৭



জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে বাপবিবো সদর দপ্তর ভবনে মিলাদ মাহফিল এবং আলোচনা সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন।

বাপবিবোর্ডে বঙ্গবন্ধুর ৪২তম শাহাদাৎ বার্ষিকী পালিত

গত ১৬ আগস্ট সকাল সাড়ে ১১টায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ক্রীড়া, সংস্কৃতি ও কল্যাণ পরিষদের (ক্রীসকপ) উদ্যোগে জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪২তম শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে বাপবিবো সদর দপ্তর ভবনে মিলাদ মাহফিল এবং আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি ছিলেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন। অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সদস্য (অর্থ) মোঃ আতাউল হক মোল্লা, সদস্য (সমিতি ব্যবস্থাপনা) মোঃ ইমদাদুল ইসলাম ও সদস্য (বিতরণ ও পরিচালন) মোঃ মোস্তফা কামাল। এছাড়া, বঙ্গবন্ধুর শাহাদাৎ বার্ষিকী উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি পালন করা হয়। রক্তদান কর্মসূচি উদ্বোধন করেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন। এ সময় তিনি বলেন, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান বাঙালি জাতির জন্য সারা জীবন রক্ত দিয়েছেন। আজ আমরা তাঁর শাহাদাৎ বার্ষিকীতে স্বেচ্ছায় রক্ত দিয়ে কিছুটা হলেও তাঁর ঋণ পরিশোধ করতে পারলাম। বাপবিবোর্ডের কর্মকর্তা/কর্মচারীগণ স্বেচ্ছায় রক্তদান কর্মসূচিতে অংশগ্রহণ করায় তিনি তাদেরকে ধন্যবাদ জানান।

আলোচনা সভায় বাপবিবো চেয়ারম্যান বলেন, হাজার বছরের শ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার স্থপতি জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের

জন্ম না হলে হয়তো বাংলাদেশ স্বাধীন হতো না। তিনি বলেন, জাতির এই শ্রেষ্ঠ সন্তান দেশী-বিদেশী ষড়যন্ত্রের শিকার হয়ে শাহাদাৎ বরণ করেন। তিনি বলেন, বঙ্গবন্ধু সারা জীবন সংগ্রাম করেছেন এবং বাঙালি জাতিকে মুক্ত করতে দীর্ঘ সময় কারাগারে বন্দী ছিলেন।

গোপালগঞ্জের অজপাড়া গাঁয়ে জন্ম গ্রহণ করেও শেখ মুজিব জাতির পিতা হয়েছিলেন। তিনি দুঃসাহসিক ও অকুতোভয় বিশ্ব বরণে নেতা ছিলেন। বাপবিবো চেয়ারম্যান আরো বলেন, ১৯৪৭ সালে ব্রিটিশদের কাছ থেকে স্বাধীনতা লাভ করেও আমরা ছিলাম নির্যাতিত।

১৯৫২ সালে ভাষা আন্দোলনে বঙ্গবন্ধু নেতৃত্ব দিয়েছিলেন। ৫৪'র যুক্তফ্রন্ট, ৬৯'র গণ-অভ্যুত্থান সর্বক্ষেত্রে বঙ্গবন্ধুর সরব উপস্থিতি ছিল। আগরতলা ষড়যন্ত্র মামলা দিয়ে পাকিস্তানি শাসক গোষ্ঠী বঙ্গবন্ধুকে ফাঁসিতে ঝুলাতে চেয়েছিল।

কিন্তু জনতার আন্দোলনের কাছে পাকিস্তানি শাসক গোষ্ঠী ফাঁসির সিদ্ধান্ত পাল্টাতে বাধ্য হয়। তিনি আরও বলেন, ২৫ মার্চ পাকিস্তানি শাসক গোষ্ঠী বঙ্গবন্ধুকে গ্রেফতার করলেও সশস্ত্র সংগ্রামের মাধ্যমে ৩০ লাখ শহীদের রক্তের বিনিময়ে মাত্র ৯ মাসে দেশ স্বাধীন হয়। যুদ্ধ বিধ্বস্ত বাংলাদেশকে মাত্র ১১ মাসে জাতির পিতা একটি সংবিধান উপহার দেন। গ্রাম ও শহরাঞ্চলের মধ্যে ব্যবধান কমিয়ে আনার জন্য তাঁর নির্দেশে সংবিধানে পল্লী বিদ্যুতায়নের কথা সংযোজন করা হয় এবং সে ধারাবাহিকতায় গঠন করা হয় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড। আজ বাপবিবোর্ডের গ্রাহক সংখ্যা প্রায় ২ কোটি। কিন্তু স্বাধীনতার পর হায়েনার দল বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের নামে নানা কুৎসা রটনা করে জনমনে বিভ্রান্তি সৃষ্টি করে। অথচ বঙ্গবন্ধুর শাহাদাৎ বরণের পর তাঁর সম্পদ পাওয়া গেছে মাত্র সাড়ে ৭ লাখ টাকা। একদল দুষ্কৃতিকারী ১৯৭৫ সালের ১৫ আগস্ট বঙ্গবন্ধু ও তাঁর পরিবারের সদস্যদের হত্যা করে। তারা অন্তঃসত্ত্বা নারী ও বঙ্গবন্ধুর নিষ্পাপ শিশুপুত্র রাসেলকেও হত্যা করা থেকে বিরত থাকেনি। কিন্তু তারা বঙ্গবন্ধুর আদর্শকে হত্যা করতে পারেনি। তিনি ১৫ আগস্টে নিহত সকল শহীদের আত্মার মাগফেরাত কামনা করেন।

জেনারেল ম্যানেজার সম্মেলনে বিদ্যুৎ প্রতিমন্ত্রী মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের উপর নির্ভর করে সরকারের সাফল্য

গ্রাহকরা যাতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পায় তা নিশ্চিত করতে হবে এবং গ্রাহক সেবার মান বৃদ্ধি করে যথাসময়ে গ্রাহকদের কাছে বিদ্যুৎ সংযোগ পৌঁছাতে হবে। দ্রুত শিল্প সংযোগ প্রদান করতে হবে এবং গ্রাহক সেবায় দৃষ্টিভঙ্গির পরিবর্তন এনে ২৪ ঘণ্টা সেবা প্রদান করতে হবে। দেশ আজ দ্রুত মধ্যম আয়ের দিকে এগিয়ে যাচ্ছে। টিমওয়ার্কের ভিত্তিতে কাজ করলে দ্রুত সাফল্য অর্জন করা সম্ভব। বিগত ১৫ জুলাই বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড কর্তৃক আয়োজিত পবিসসমূহের জেনারেল ম্যানেজার সম্মেলনে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মোঃ নসরুল হামিদ, এমপি প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বিদ্যুৎ বিভাগের সচিব ড. আহমদ কায়কাউস ও পাওয়ার সেলের মহাপরিচালক মোহাম্মদ হোসাইন বক্তব্য রাখেন।



জেনারেল ম্যানেজার সম্মেলন-২০১৭ প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী মোঃ নসরুল হামিদ, এমপি

সম্মেলনে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন স্বাগত বক্তব্য রাখেন এবং বাপবিবোর্ডের সদস্য (প্রশাসন) মোঃ ইয়াকুব আলী পাটওয়ারী ধন্যবাদ জ্ঞাপন করেন। অনুষ্ঠানে মাননীয় প্রতিমন্ত্রী বলেন, ট্রান্সফরমার বহুতল ভবনের আন্ডারগ্রাউন্ডে স্থাপন করতে হবে এবং রক্ষণাবেক্ষণ জোরদার করতে হবে। জায়গা সাশ্রয়ের জন্য রাজধানীর আশেপাশের সমিতিগুলোতে ৩৩ কেভি আন্ডারগ্রাউন্ড ক্যাবল এবং সাব-স্টেশন ব্যবহারের নির্দেশ প্রদান করেন। মাননীয় প্রতিমন্ত্রী বলেন, সংযোগ প্রদানের ক্ষেত্রে দুর্নীতি অনেকাংশে কমে আসলেও তা শেষ হয়ে যায়নি। গ্রাহক সংযোগ প্রদানে আরো স্বচ্ছতার উদ্যোগ গ্রহণের তাগিদ দেন তিনি। এছাড়া, তিনি ভবিষ্যতে প্রি-পেইড মিটার ব্যবহারের উদ্যোগ নেয়া হবে বলে জানান। দেশের ৮০ শতাংশ গ্রাহক পল্লী বিদ্যুতের। সুতরাং শতভাগ বিদ্যুতায়নের পরিকল্পনা বাস্তবায়িত হলে মাননীয় প্রধানমন্ত্রীর অঙ্গীকার বাস্তবায়ন হবে এবং এতে পল্লী বিদ্যুতের মাধ্যমে সরকারের সাফল্য আসবে। গ্রীডের অভাবে যে সকল সমিতি বিদ্যুৎ গ্রহণ করতে পারছে না সে সকল সমিতির জিএমগণকে গ্রীড নির্মাণ সম্পর্কে একটি জরিপ প্রতিবেদন তাঁর নিকট প্রেরণের নির্দেশ দেন। তিনি আরো বলেন, সিস্টেম লস আগামী এক বছরের মধ্যে কমিয়ে আনতে হবে। তিনি বলেন, সকলকে সেবার মানসিকতায় কাজ করতে হবে। মানুষ যাতে নিরবচ্ছিন্ন বিদ্যুৎ পায় সেদিকে লক্ষ্য

রাখতে হবে। জেনারেশন সমস্যা আছে, পূর্বের তুলনায় লোড বেড়েছে। তাই বলে কার্যক্রম বন্ধ করলে চলবে না। গ্যাস সংকটের কারণে ১৭০০ মেগাওয়াট জেনারেশন কম হচ্ছে বিধায় কোথাও কোথাও সংকট রয়েছে। বাড়ি ও ঘরের উপর থেকে লাইন সরানোর নির্দেশনা প্রদান করেন মাননীয় প্রতিমন্ত্রী। তিনি বলেন, যে সকল স্থানে পোল বাঁকা অবস্থায় রয়েছে তা সোজা করতে হবে। এ জন্য তিনি ঠিকাদারদের দায়ী করেন। তবে তিনি জেনারেল ম্যানেজারগণকে সার্বিকভাবে তদারকি জোরদারের নির্দেশনা প্রদান করে বলেন, মাঠ পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের উপর নির্ভর করে সরকারের সাফল্য। অনুষ্ঠানে মাননীয় প্রতিমন্ত্রী শুদ্ধাচার ও ISO সনদপত্র প্রদান করেন।

সিলেট পবিস-১ এর আওতাধীন বিদ্যুৎ উপকেন্দ্র শুভ উদ্বোধন
গত ১৫ ফেব্রুয়ারি ২০১৭ খ্রিঃ সিলেট পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর উদ্যোগে গোলাপগঞ্জ-২ ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্রের শুভ উদ্বোধন করা হয়। উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, এমপি। এ সময় প্রধান অতিথি সমিতির কার্যক্রমে সন্তোষ প্রকাশ করেন এবং সমিতির সকল পর্যায়ের কর্মকর্তা ও কর্মচারীদের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করেন।



গোলাপগঞ্জ-২ ৩৩/১১ কেভি বিদ্যুৎ উপকেন্দ্রের শুভ উদ্বোধন করছেন মাননীয় শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ, এমপি।

ব্রাহ্মণবাড়িয়া পবিস এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন
গত ১৬ আগস্ট ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির ভৌগলিক এলাকা কসবা জোনাল ও সাব-জোনাল অফিসের আওতায় বায়েক ইউনিয়ন পরিষদ চত্বরে গ্রাম শুভ বিদ্যুতায়নের উদ্বোধন করেন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের আইন, বিচার ও সংসদ বিষয়ক মাননীয় মন্ত্রী এডভোকেট মোঃ আনিসুল হক, এমপি। এ সময় উপস্থিত ছিলেন ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার মোঃ আব্দুল ওয়ারিদ, ডেপুটি জেনারেল ম্যানেজার মোঃ শাহাদৎ হোসেন, কসবা পৌর মেয়র মোঃ এমরান উদ্দিন জুয়েল, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও নতুন বিদ্যুৎ সংযোগপ্রাপ্ত গ্রাহক সদস্যবৃন্দ। কসবা উপজেলার গোপিনাথপুর, বায়েক, বিনাউটি, কায়মপুর, বাদৈর, খাড়েরা, কুটি ও শশীদল ইউনিয়নের আওতায় ৯টি নতুন গ্রাম ও ৩৫টি গ্রামের আংশিক মোট ৪৪টি গ্রামে ৬৩ কিঃ মিঃ লাইন নির্মাণ করে ৪৭৮৮ জন গ্রাহকের নতুন বিদ্যুৎ সংযোগের শুভ বিদ্যুতায়ন করেন। উদ্বোধনের পর মন্ত্রী মহোদয় বক্তব্য রাখেন।



নতুন বিদ্যুৎ সংযোগের উদ্বোধনী অনুষ্ঠানে বক্তব্য রাখছেন আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী এডভোকেট মোঃ আনিসুল হক এমপি।

পাবনা পবিস-১ এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

গত ১৬ জুন পাবনা পবিস-১ এর দাশুরিয়া জোনাল অফিসের আওতাধীন ঈশ্বরদী উপজেলার দাশুরিয়া, মুলাডুলি, ছলিমপুর, লক্ষীকুন্ডা, সাহাপুর ও পাকশী ইউনিয়নের বিভিন্ন গ্রামের বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন মাননীয় ভূমিমন্ত্রী আলহাজ্ব শামসুর রহমান শরিফ, এমপি। এ সময় পবিসের সমিতি বোর্ডের সচিব মাহতাব হোসেন, পবিসের জেনারেল ম্যানেজার শাহ জুলফিকার হায়দার, পিইজ; দাশুরিয়া জোনাল অফিসের ডিজিএম মুহাম্মদ আশরাফ উদ্দিন খান, ঈশ্বরদী উপজেলা নির্বাহী অফিসার ও থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা উপস্থিত ছিলেন। এ সময় বিদ্যুৎ সুবিধাভোগী গ্রাহক ছাড়াও রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। অপরদিকে গত ১৭ আগস্ট পাবনা পবিস-১ এর আওতাধীন পাবনা সদর উপজেলার মালধি ইউনিয়নের বিভিন্ন গ্রামের বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন পাবনা-৫ আসনের মাননীয় সংসদ সদস্য গোলাম ফারুক খন্দকার খ্রিস। এ সময় পবিসের জেনারেল ম্যানেজার শাহ জুলফিকার হায়দার, পিইজ প্রকল্প বিভাগের নির্বাহী প্রকৌশলী মোঃ হাবিবুর রহমান, রিটেইনার প্রকৌশলী মোঃ সাইফুর রশীদ খান মালধি ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানসহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, বিদ্যুৎ সুবিধাভোগী গ্রাহকবৃন্দ ও এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। এ অনুষ্ঠানের মাধ্যমে ৫১টি স্পটের ৪৩৩ জন গ্রাহকের নতুন বিদ্যুৎ সংযোগ এর শুভ উদ্বোধন করা হয়।



সুইচ টিপে বিদ্যুৎ সংযোগের উদ্বোধন করেন মাননীয় ভূমিমন্ত্রী আলহাজ্ব শামসুর রহমান শরিফ, এমপি।

নাটোর পবিস-২ এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

গত ৬ আগস্ট নাটোর পবিস-২ এর এলাকাভুক্ত লালপুর উপজেলাধীন কলসনগর গ্রাম আনুষ্ঠানিকভাবে বিদ্যুতায়ন করা হয়। নাটোর-১ আসনের মাননীয় সংসদ সদস্য এ্যাডঃ মোঃ আবুল কালাম আজাদ প্রধান অতিথি হিসেবে ১৬৮টি বাড়িতে বিদ্যুৎ সংযোগের শুভ উদ্বোধন করেন। অনুষ্ঠানে এলাকার সহস্রাধিক জনসাধারণ উপস্থিত ছিলেন। বিদ্যুতায়ন অনুষ্ঠানে স্থানীয় নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। প্রধান অতিথি মাননীয় সংসদ সদস্য এ্যাডঃ মোঃ আবুল কালাম আজাদ বিদ্যুৎ খাতে প্রভূত উন্নয়নসহ সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ড তুলে ধরেন।

জিডিপি উন্নয়নে পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমের অবদান উল্লেখ করেন। তিনি বিদ্যুৎ শক্তিকে উৎপাদনশীল খাতে ব্যবহার করে দেশকে এগিয়ে নেওয়ার জন্য উপস্থিত সকলের প্রতি আহ্বান জানান। নাটোর পল্লী বিদ্যুৎ সমিতির কার্যক্রমে তিনি সন্তোষ প্রকাশ করেন। অপরদিকে গত ১৫ জুলাই মঙ্গলবার নাটোর পবিস-২ এর আওতাধীন লালপুর চামটিয়া গ্রামে বিদ্যুৎ এর নতুন সংযোগ দিয়ে আলোকিত করা হয় ৫২ বাড়ি। ঈশ্বরদী ইউনিয়নের ৮নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি সোহেল রানার সভাপতিত্বে আয়োজিত অনুষ্ঠানেও প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন মাননীয় সংসদ সদস্য এ্যাড. আবুল কালাম আজাদ।



লালপুর চামটিয়া গ্রামে সুইচ টিপে বিদ্যুৎ সংযোগের উদ্বোধন করেন নাটোর-১ আসনের মাননীয় সংসদ সদস্য।

রাজবাড়ী পবিস এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

গত ২৮ জুলাই রাজবাড়ী-১ আসনের মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব কাজী কেরামত আলী রাজবাড়ী পবিসের আওতাধীন সদর উপজেলার সুলতানপুর ইউনিয়নের রামনগর ও শাইলকাঠি গ্রামে বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন। উক্ত গ্রাম দুটিতে ৩.৪৬২ কিঃ মিঃ লাইন নির্মাণের মাধ্যমে প্রায় ২০০ জন স্টেকিংভুক্ত গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। প্রধান অতিথি তাঁর বক্তব্যে উল্লেখ করেন, বর্তমান সরকার দ্রুততম সময়ের মধ্যে গ্রামের পর গ্রাম বিদ্যুৎ লাইন নির্মাণ করে এ অঞ্চলের জনসাধারণের বিদ্যুৎ সংযোগ প্রাপ্তির দীর্ঘদিনের প্রত্যাশা পূরণে সক্ষম হয়েছে। জেনারেল ম্যানেজার মোঃ কামরুল ইসলাম গোলদার উক্ত অনুষ্ঠানে উপস্থিত গ্রাহক সদস্যদের বিদ্যুতের সুব্যবহার এবং উৎপাদনশীল খাতে বিদ্যুৎ ব্যবহার করে বর্তমান সরকারের কাজিত উন্নয়নের ধারা অব্যাহত রাখার অনুরোধ জানান। তাছাড়া সম্মানিত গ্রাহক সদস্যদের নিরাপদ ও শান্তিভাবে বিদ্যুৎ ব্যবহার, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারকারীদের প্রতিরোধ, নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করে সমিতির কার্যক্রমে সহযোগিতা করার অনুরোধ করেন। অপরদিকে গত ২৮ আগস্ট রাজবাড়ী-২ আসনের মাননীয় সংসদ সদস্য মোঃ জিল্লুল হাকিম রাজবাড়ী পবিসের আওতাধীন পাংশা উপজেলার পাট্টা ও শাওরাইল ইউনিয়নের ৭টি গ্রামের শুভ বিদ্যুতায়ন উদ্বোধন করেন। গ্রামগুলোতে মোট ১৩.৫০ কিঃ মিঃ লাইন নির্মাণের মাধ্যমে ৭৩০ জন স্টেকিংভুক্ত গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়।



সুইচ টিপে বিদ্যুৎ সংযোগের উদ্বোধন করেন রাজবাড়ী-১ আসনের মাননীয় সংসদ সদস্য আলহাজ্ব কাজী কেরামত আলী

নাটোর পবিস-২ পরিদর্শনে বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিব

গত ১৩ আগস্ট বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সচিব ড. আহমদ কায়কাউস নাটোর পবিস-২ পরিদর্শন করেন। পরিদর্শনকালে তিনি সমিতির কর্মকর্তা ও কর্মচারীগণের সাথে মতবিনিময় করেন। পবিসের জেনারেল ম্যানেজার নিতাই কুমার সরকার স্বাগত বক্তব্যসহ সমিতির অর্জন, বর্তমান উন্নয়ন কার্যক্রম, স্বল্প মেয়াদী, মধ্যমেয়াদী ও দীর্ঘ মেয়াদী পরিকল্পনা উপস্থাপন করেন। সচিব মহোদয় সমিতির উত্থাপিত বিষয়াদি পর্যালোচনা করেন। তিনি বিদ্যুৎ খাতে সরকারের উন্নয়ন কার্যক্রম বিষয়ে আলোকপাত করেন এবং সমিতির উন্নয়ন বিষয়ক কতিপয় পরামর্শ প্রদান করেন। তিনি পল্লী বিদ্যুতায়ন কার্যক্রমে উদ্ভাবনী উদ্যোগ, গ্রাহকদের সাথে সদাচারণ ও দ্রুত সেবা প্রদান বিষয়ে উৎসাহিত করেন। পরিদর্শন শেষে সচিব মহোদয় সদর দপ্তর চত্বরে ২টি বৃক্ষ রোপণ করেন এবং সমিতির বর্তমান কর্মকাণ্ডে সমৃদ্ধি প্রকাশ করেন।



বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ, মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. আহমদ কায়কাউস নাটোর পবিস-২ পরিদর্শনকালে সমিতির কর্মকর্তা ও কর্মচারীগণের সাথে মতবিনিময় সভা করেন।

ফেনী পবিস এর শতভাগ বিদ্যুতায়নের আওতায় লাইন নির্মাণ ও উপকেন্দ্র নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠিত

ফেনী পবিসের শতভাগ বিদ্যুতায়নের আওতায় লাইন নির্মাণ ও উপকেন্দ্র নির্মাণ কাজের অগ্রগতি পর্যালোচনা সভা গত ২৯ জুলাই সকাল সাড়ে ৯টায় বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন এর সভাপতিত্বে সমিতির বোর্ডরুমে অনুষ্ঠিত হয়। উক্ত সভায় উপস্থিত ছিলেন তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আতাউর রহমান চৌধুরী, সমিতির জেনারেল ম্যানেজার মোঃ মিজানুর রহমান, নির্বাহী প্রকৌশলী মোঃ জসিম উদ্দিন মুসী, পবিস কর্মকর্তাবৃন্দ, উপদেষ্টা প্রতিষ্ঠানের টিম লিডার এবং ঠিকাদার প্রতিষ্ঠানের স্বত্বাধিকারী/প্রতিনিধিগণ। সভার শুরুতে সমিতির জেনারেল ম্যানেজার গত অর্ধ বছরে ফেনী পবিসের লাইন নির্মাণ ও পিটিএ লক্ষ্যমাত্রা অর্জন করতে পারায় চেয়ারম্যান মহোদয়সহ বাপবিবোর্ডের সকল দপ্তর/পরিদপ্তরের সার্বিক সহযোগিতার জন্য সকলের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করেন। সকলকে স্বাগত জানিয়ে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের চেয়ারম্যান অত্র পবিসের ছাগলনাইয়া, ফুলগাজী ও পরশুরাম উপজেলা আগস্ট'২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে লাইন নির্মাণ ও মিটার সংযোগসহ শতভাগ বিদ্যুতায়ন কাজ শেষ করার এবং ফেনী সদর ও সোনাগাজী উপজেলা নভেম্বর'২০১৭ খ্রিঃ তারিখের মধ্যে শতভাগ বিদ্যুতায়ন কাজ সম্পন্ন করার নির্দেশনা দেন। ফেনী পবিসের সকলেই ঐক্যবদ্ধ হয়ে দুর্নীতির বিরুদ্ধে অবস্থান নিয়ে কাজ করায় তিনি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন এবং এ ধারা অব্যাহত রেখে কাজের

গতিশীলতা বৃদ্ধি করা এবং উত্তম গ্রাহক সেবা অব্যাহত রাখার নির্দেশনা প্রদান করেন। পরিশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।



লাইন নির্মাণ ও উপকেন্দ্র নির্মাণ কাজের অগ্রগতি ও পর্যালোচনা সভায় বাপবিবোর্ডের চেয়ারম্যান মহোদয়ের মত বিনিময়।

ফেনী পবিস এর আওতায় চরচান্দিয়া ইউনিয়ন শতভাগ বিদ্যুতায়ন

গত ২৮ জুলাই চরচান্দিয়া ইউনিয়ন পরিষদ চত্বরে বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন বিদ্যুতায়ন অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে সোনাগাজী উপজেলার চরচান্দিয়া ইউনিয়নের শতভাগ গ্রাম বিদ্যুতায়ন কার্যক্রম শুভ উদ্বোধন করেন। চরচান্দিয়া ইউনিয়নে প্রায় ১১ কোটি ৭৫ লক্ষ টাকা ব্যয়ে ৭৮ কিঃ মিঃ লাইন নির্মাণ করে ২০৭১ জন বিভিন্ন শ্রেণীর গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। চরচান্দিয়া ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ মোশারফ হোসেন মিলন এর সভাপতিত্বে উক্ত উদ্বোধন অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন সমিতির জেনারেল ম্যানেজার মোঃ মিজানুর রহমান, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আতাউর রহমান চৌধুরী, সাংবাদিকবৃন্দ, জনপ্রতিনিধিবৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দসহ সম্মানিত বিদ্যুৎ প্রত্যাশী পরিবারবর্গ। নতুন বিদ্যুৎ সংযোগ পাওয়া গ্রাহকদের অভিনন্দন জানিয়ে বাপবিবোর্ডের চেয়ারম্যান মহোদয় তাঁর বক্তব্য বলেন, আগামী ২০১৮ সালের মধ্যে দেশে সবার ঘরে বিদ্যুৎ পৌঁছে যাবে। তিনি অনুষ্ঠানে উপস্থিত গ্রাহক সদস্যদের বিদ্যুৎ এর সুব্যবহার এবং উৎপাদনশীল খাতে বিদ্যুৎ ব্যবহার করে বর্তমান সরকারের বহু আকাঙ্ক্ষিত উন্নয়নের ধারা অব্যাহত রাখার অনুরোধ করেন। তিনি অনুষ্ঠানে উপস্থিত গ্রাহক সদস্যদের নিরাপদ ও সশ্রমীভাবে বিদ্যুৎ ব্যবহার, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারকারীদের প্রতিরোধ ও নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করে সমিতির কর্মকাণ্ডে সহযোগিতা করার অনুরোধ করেন। অনুষ্ঠান শেষে বাপবিবো এর চেয়ারম্যান মহোদয় শতভাগ বিদ্যুতায়নের ফলক উন্মোচন করেন।



চরচান্দিয়া ইউনিয়ন শতভাগ বিদ্যুতায়ন কার্যক্রমের শুভ উদ্বোধন করেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন।

ফেনী পবিস এর আওতায় ৩৩/১১ কেভি ও ১০/১৪ এমভিএ উপকেন্দ্র উদ্বোধন

গত ২৬ আগস্ট বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন CSDP-II প্রকল্পের আওতায় নির্মিত দাগনভূঞা-১, ৩৩/১১ কেভি এবং ১০/১৪ এমভিএ ইনডোর উপকেন্দ্রের উদ্বোধন করেন। ফেনী পল্লী বিদ্যুৎ সমিতির সমিতি বোর্ডের সভাপতি আবদুল মোতালেব এর সভাপতিত্বে দাগনভূঞা জোনাল অফিসের ডিজিএম মোহাম্মদ সরোয়ার জাহান এর সঞ্চালনায় উক্ত সভায় উপস্থিত ছিলেন বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) মোঃ মোস্তফা কামাল, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মোঃ আতাউর রহমান চৌধুরী, সমিতির জেনারেল ম্যানেজার মোঃ মিজানুর রহমান, নির্বাহী প্রকৌশলী মোঃ জসিম উদ্দিন মুন্সি, দাগনভূঞা উপজেলা পরিষদ চেয়ারম্যান মোঃ দিদারুল কবির রতন, দাগনভূঞা উপজেলা নির্বাহী কর্মকর্তা মোঃ সাইফুল ইসলাম ভূঞা, স্থানীয় নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ, বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষকবৃন্দসহ সম্মানিত গ্রাহক সদস্যবৃন্দ। বাপবিবোর্ডের চেয়ারম্যান মহোদয় তাঁর বক্তব্যে বলেন, গ্রামাঞ্চলে বিদ্যুতের প্রয়োজনীয়তা সর্ব প্রথম বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানই উপলব্ধি করেছেন। তিনি বলেন, দাগনভূঞা-১, ৩৩/১১ কেভি, ১০/১৪ এমভিএ অত্যাধুনিক উপকেন্দ্র নির্মাণের ফলে নির্ভরযোগ্য বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা নিশ্চিত হবে। ফিডারের দৈর্ঘ্য হ্রাস পাওয়ার ফলে এক এলাকায় বিদ্যুৎ লাইনে ত্রুটি দেখা দিলেও অন্য এলাকায় বিদ্যুৎ সরবরাহ চালু করা সম্ভব হবে। বাড়, তুফান বা অন্যান্য প্রাকৃতিক দুর্যোগের পর দ্রুততার সাথে বিদ্যুৎ সরবরাহ ব্যবস্থা চালু রাখা সম্ভব হবে। একটি উপকেন্দ্রে ত্রুটি দেখা দিলে অন্য উপকেন্দ্র থেকে বিদ্যুৎ সরবরাহ করা যাবে। সিস্টেম লস হ্রাস পাবে, এতে ফেনী পবিসের আর্থিক সাশ্রয় হবে। গ্রাহক সেবার মান বৃদ্ধি পাবে। তিনি আরো বলেন, চলতি বছরের ডিসেম্বর মাসের মধ্যে ফেনী জেলা শতভাগ বিদ্যুতায়নের কাজ সম্পন্ন হবে। তিনি অনুষ্ঠানে উপস্থিত গ্রাহক সদস্যদের নিরাপদ ও সাশ্রয়ীভাবে বিদ্যুৎ ব্যবহার, অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহারকারীদের প্রতিরোধ ও নিয়মিত বিদ্যুৎ বিল পরিশোধ করে সমিতির কর্মকাণ্ডে সহযোগিতা করার অনুরোধ করেন। অনুষ্ঠান শেষে বাপবিবো এর চেয়ারম্যান মহোদয় উদ্বোধন অনুষ্ঠানের ফলক উন্মোচন করেন।



ফেনী পবিসের আওতাধীন দাগনভূঞা-১ ৩৩/১১ কেভি ১০/১৪ এমভিএ উপকেন্দ্রের উদ্বোধন করেন বাংলাদেশের পল্লী বিদ্যুতায়ন বোর্ডের মাননীয় চেয়ারম্যান মেজর জেনারেল মঈন উদ্দিন। পাশে সদস্য (পরিকল্পনা ও উন্নয়ন) মোঃ মোস্তফা কামাল

কিশোরগঞ্জ পবিস এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

গত ৯ জুলাই কিশোরগঞ্জ-৪ আসনের মাননীয় সংসদ সদস্য রেজওয়ান আহাম্মদ তৌফিক কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির আওতাধীন ইটনা উপজেলার কেরুয়ালা গ্রামে বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন। উক্ত গ্রামে ১.৬৯ কিঃমিঃ লাইন নির্মাণের মাধ্যমে ১৮০ জন গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। উক্ত উদ্বোধন অনুষ্ঠানে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার মোঃ মনির উদ্দিন মজুমদার, ইটনা উপজেলা পরিষদ চেয়ারম্যান চৌধুরী মোঃ কামরুল হাসানসহ স্থানীয় রাজনৈতিক দলের নেতৃবৃন্দ এবং আইন শৃঙ্খলা বাহিনীর কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন। প্রধান অতিথি তার বক্তব্যে উল্লেখ করেন, বর্তমান সরকার এ অঞ্চলের দীর্ঘদিনের প্রত্যাশা পূরণের লক্ষ্যে দ্রুততম সময়ের মধ্যে গ্রামের পর গ্রাম বিদ্যুৎ লাইন নির্মাণ করে বিদ্যুৎ সংযোগ প্রদানের কাজ করছেন যা হাওড় অঞ্চলের জনগণের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়নে বিশেষ ভূমিকা রাখছে। অনুষ্ঠানে নতুন বিদ্যুৎ সংযোগ পাওয়া গ্রাহকদের অভিনন্দন জানিয়ে প্রধান অতিথি তার বক্তব্যে বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা এর নেতৃত্বে দেশ অগ্রসর হচ্ছে। অগ্রাধিকার ভিত্তিতে ইটনা, মিঠামইন ও অন্তর্গত উপজেলা শতভাগ বিদ্যুতায়নের লক্ষ্যে কিশোরগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতির উদ্যোগে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে এবং তদনুযায়ী লাইন নির্মাণ ও বিদ্যুৎ সংযোগ প্রদানের কাজ চলছে।



গ্রাম বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন কিশোরগঞ্জ-৪ আসনের মাননীয় সংসদ সদস্য রেজওয়ান আহাম্মদ তৌফিক।

কুমিল্লা পবিস-৪ এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

গত ২৬ মে কুমিল্লা জেলার লাকসাম উপজেলার আজগরা ইউনিয়নের বড়বাম গ্রামে বিদ্যুতায়ন অনুষ্ঠানের শুভ উদ্বোধন করেন মাননীয় সংসদ সদস্য ও বিদ্যুৎ জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি মোঃ তাজুল ইসলাম। এ সময় সংসদ সদস্য এর



সুইচ টিপে বিদ্যুৎ সংযোগের শুভ উদ্বোধন করেন মাননীয় সংসদ সদস্য।

সাথে উপস্থিত ছিলেন সমিতির জেনারেল ম্যানেজার, অন্যান্য কর্মকর্তা/কর্মচারীবৃন্দ, স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ ও বিদ্যুৎ প্রত্যাশী সম্মানিত গ্রাহকবৃন্দ। বিদ্যুৎ সংযোগ উদ্বোধনের পর মাননীয় সংসদ সদস্য সংক্ষিপ্ত বক্তব্য রাখেন।

মৌলভীবাজার পবিস পরিদর্শনে বাপবিবোর্ডের সদস্য (প্রশাসন)

গত ৩ আগস্ট গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের যুগ্ম সচিব ও বাপবিবোর্ডের সদস্য (প্রশাসন) মোঃ ইয়াকুব আলী পাটওয়ারী মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির ২০১৭-২০১৮ অর্থ বছরের চলমান বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন/অগ্রগতি পর্যবেক্ষণের লক্ষ্যে মৌলভীবাজার পবিস পরিদর্শন করেন। তিনি মাঠ পর্যায়ে বিভিন্ন এলাকা পর্যবেক্ষণ করেন ও বিভিন্ন লোকজনের সাথে আলোচনা করেন। তিনি পবিস সদর দপ্তরের বোর্ড কক্ষে সমিতির কর্মকর্তা, নির্বাহী প্রকৌশলী ও তত্ত্বাবধায়কগণের সাথে মত বিনিময় করেন। মতবিনিময় সভায় সমিতির জেনারেল ম্যানেজার প্রকৌশলী শিবু লাল বসু এবং নির্বাহী প্রকৌশলী মোঃ জগনুল হায়দারসহ সকল ডিজিএম, এজিএম ও তত্ত্বাবধায়কগণ উপস্থিত ছিলেন। মতবিনিময় সভায় সমিতির সার্বিক বিষয়ে বিস্তারিত আলোচনাসহ ২০১৭-২০১৮ অর্থ বছরে চলমান বিভিন্ন প্রকল্পের বাস্তবায়ন ও অগ্রগতি সম্পর্কে আলোচনা করেন এবং কাজের অগ্রগতিতে তিনি সন্তোষ প্রকাশ করেন। সদস্য (প্রশাসন) মহোদয় নির্দিষ্ট সময়ের মধ্যে প্রকল্প বাস্তবায়ন করার জন্য সকলের প্রতি আহ্বান জানান।



মতবিনিময় সভায় বক্তব্য রাখছেন বাপবিবোর্ড এর সদস্য (প্রশাসন) মোঃ ইয়াকুব আলী পাটওয়ারী।

পাবনা পবিস-১ এর উদ্যোগে মাত্র ২ ঘণ্টায় বিদ্যুৎ সংযোগ প্রদান

গত ৮ আগস্ট পাবনা পবিস-১ এর ভৌগলিক এলাকার চাটমোহর পৌরসভায় সাহাপাড়া সার্বজনীন দুর্গামন্দির, শ্রী শ্রী রক্ষা কালীমাতা মন্দির ও ভাদড়া বাইপাস পাঞ্জিগানা জামে মসজিদ এ মিটারের আবেদনের মাত্র ২ ঘণ্টায় মিটার স্থাপন করে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। এ সময় পবিসের সকল কর্মকর্তা উপস্থিত ছিলেন। বিদ্যুৎ সংযোগ প্রদান শেষে উপস্থিত গ্রাহক সদস্য ও সুধী জনের মাঝে পবিসের জেনারেল ম্যানেজার সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। তিনি বলেন, বর্তমান সরকারের ঘরে ঘরে বিদ্যুৎ পৌঁছে দেয়ার অঙ্গীকার আমরা বাস্তবায়ন করছি। এছাড়াও সকল ধরনের নতুন বিদ্যুৎ সংযোগ কিভাবে দ্রুততম সময়ে বাস্তবায়ন করা যায় সেদিকে লক্ষ্য রেখে আমরা কাজ করছি। উল্লেখ্য, এ পল্লী বিদ্যুৎ সমিতির উদ্যোগে ৩ ঘণ্টা ৪৫ মিনিটে পাবনা সদর উপজেলায় দাপুনিয়া বাজার জামে মসজিদে বিদ্যুৎ সংযোগ এবং এর পূর্বে ৫ ঘণ্টায় ফরিদপুর উপজেলায় কবরস্থানে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। এ বিষয়ে সাহাপাড়া সার্বজনীন দুর্গা মন্দির এর সভাপতি বাবু জয়দেব কুন্ডু বলেন, আমরা আগে জানতাম আবেদন করলে কিছুদিন পরে মিটার পাওয়া যেত। কিন্তু আমাদের মন্দিরের জন্য



পাবনা পবিস-১ এর উদ্যোগে সাহা পাড়া দুর্গা মন্দিরে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়।

আজ সকাল ৯টায় আবেদন করে মাত্র ২ ঘণ্টার মধ্যেই মিটার সংযোগ পেলাম এটা সত্যই একটা প্রশংসনীয় উদ্যোগ। এ জন্য আমি বর্তমান সরকার ও পল্লী বিদ্যুৎ কর্তৃপক্ষের নিকট কৃতজ্ঞতা প্রকাশ করছি।

বগুড়া পবিস-২ এর উদ্যোগে স্পট মিটারিং কার্যক্রম অনুষ্ঠিত

বগুড়া পবিস-২ এর আওতাভুক্ত শাহাজানপুর উপজেলার আতাইল নামক বাজারে গত ২৯ জুলাই পার্শ্ব সংযোগ বিচ্ছিন্ন করে ট্রান্সফরমার পরিবর্তন করে স্পট মিটারিং এর মাধ্যমে ১টি মসজিদসহ ৩৯টি বাণিজ্যিক গ্রাহককে বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়। এতে গ্রাহকের মাঝে ব্যাপক উৎসাহ উদ্দীপনা লক্ষ্য করা যায় এবং জনগণের মাঝে ব্যাপক আলোড়ন সৃষ্টি হয়। স্পট মিটারিং কার্যক্রম চলাকালিন সময়ে সমিতির জেনারেল ম্যানেজার উপস্থিত সকল গ্রাহকের উদ্দেশ্যে বক্তব্য প্রদান করেন। জেনারেল ম্যানেজার তার বক্তব্য বলেন, 'শেখ হাসিনার উদ্যোগ-ঘরে ঘরে বিদ্যুৎ' এই স্লোগান সামনে রেখে সরকার ২০১৮ সালের মধ্যে শতভাগ উপজেলা বিদ্যুতায়নের পরিকল্পনা গ্রহণ করেছে।



বগুড়া পবিস-২ এর আওতাধীন শাহাজানপুর উপজেলার অন্তর্গত আতাইল বাজারে বাণিজ্যিক গ্রাহকের বিদ্যুৎ ব্যবহার বৃদ্ধিকরণ ও পার্শ্ব সংযোজন পরিহার করে গত ২৯/০৭/২০১৭ তারিখ স্পট মিটারিং করা হয়।

মৌলভীবাজার পবিস এর উদ্যোগে বন্যার্তদের

মাঝে ত্রাণ বিতরণ

মৌলভীবাজার জেলার বড়লেখা উপজেলার বর্ণী ও তালিমপুর ইউনিয়নের বন্যাদুর্গত অসহায় সাধারণ মানুষের মধ্যে গত ২৯ জুলাই শনিবার মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণের মূল বেতনের ১ দিনের সমপরিমাণ অর্থ দ্বারা সংগৃহীত ত্রাণ সামগ্রী বর্ণী ইউনিয়নের ১৯টি গ্রামের ৯টি ওয়ার্ডের ২৫৬ জন এবং তালিমপুর ইউনিয়নের ২৬টি গ্রামের ৯টি ওয়ার্ডের ২৫৬ জন বন্যার্ত সাধারণ মানুষের



শ্রাণ বিতরণ কার্যক্রমে বক্তব্য রাখছেন সমিতির জেনারেল ম্যানেজার। পাশে উপবিষ্ট আছেন উপজেলা নির্বাহী অফিসার, বড়লেখা।

মাঝে মোট ৫১২টি ব্যাগ শ্রাণ সামগ্রী বিতরণ করা হয়। প্রতিটি ব্যাগে ৫ কেজি চাল, ২ কেজি চিড়া, ২ কেজি আলু, আধা কেজি মশুর ডাল, ১ কেজি পিয়াজ, আধা লিটার সয়াবিন তেল, আধা কেজি গুড়, এক কেজি লবণ, এক ডজন ম্যাচ, ৬টি মোমবাতি এবং ৬টি ওরস্যালাইনসহ মোট ১১টি আইটেম শ্রাণ বন্যার্তদের মাঝে বিতরণ করা হয়। বড়লেখা উপজেলার বর্ণী ও তালিমপুর ইউনিয়নের অসহায় বন্যার্তদের মাঝে শ্রাণ সামগ্রী বিতরণ কার্যক্রমে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন বড়লেখা উপজেলা নির্বাহী কর্মকর্তা এস এম আব্দুল্লাহ আল মামুন। এছাড়া, শ্রাণ বিতরণ কার্যক্রমে বর্ণী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মোঃ এনাম উদ্দিন এবং তালিমপুর ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বিদ্যুৎ কান্তি দাস, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির জেনারেল ম্যানেজার প্রকৌশলী শিবু লাল বসু, মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির সমিতি বোর্ডের পরিচালক মোঃ কামাল উদ্দিনসহ সমিতির কর্মকর্তা/কর্মচারীগণ, এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ ও স্থানীয় সাংবাদিকবৃন্দ উপস্থিত ছিলেন। শ্রাণ বিতরণ কার্যক্রমে উপস্থিত উপজেলা নির্বাহী কর্মকর্তা তার বক্তব্যে মৌলভীবাজার পল্লী বিদ্যুৎ সমিতির সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং ভবিষ্যতেও এ ধরনের মহৎ ও ব্যতিক্রমধর্মী উদ্যোগের ধারা অব্যাহত রাখার জন্য অনুরোধ করেন।

দিনাজপুর পবিস-১ এ জাতীয় বৃক্ষরোপন কর্মসূচির শুভ উদ্বোধন
দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি- ১ এর উদ্যোগে গত ২২ জুলাই শনিবার জাতীয় বৃক্ষরোপন কর্মসূচি-২০১৭ পালিত হয়। উক্ত বৃক্ষরোপন অভিযানে প্রধান অতিথি দিনাজপুর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর সিনিয়র জেনারেল ম্যানেজার কাজী মোহাম্মদ আলী এর নেতৃত্বে ৪২টি বিভিন্ন প্রকৃতির গাছের চারা রোপন করা হয়। উক্ত বৃক্ষরোপন অনুষ্ঠানে সমিতির সকল কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ উপস্থিত ছিলেন।



দিনাজপুর পবিস-১ এর উদ্যোগে পবিস ক্যাম্পাসে কর্মসূচির উদ্বোধন করেন সমিতির সিনিয়র জেনারেল ম্যানেজার।

কুমিল্লা পবিস-১ এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

কুমিল্লার মুরাদনগর উপজেলার যাত্রাপুর ইউনিয়নের ৫ শতাধিক পরিবারের মাঝে বিদ্যুতায়নের উদ্বোধন করা হয়। গত ২৬ আগস্ট শনিবার দুপুরে নতুন এ বিদ্যুৎ সংযোগের শুভ উদ্বোধন করেন স্থানীয় সংসদ সদস্য ইউছুফ আব্দুল্লাহ হারুন, এফসিএ। হুমায়ন কবিরের সভাপতিত্বে ও হাবিবুর রহমানের সঞ্চালনায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব এ.কে.এম খাইরুল আলম, কুমিল্লা উত্তর জেলা আওয়ামী লীগের সিনিয়র সহ-সভাপতি ম. রুহুল আমিন, উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ রাসেলুল কাদের, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর কোম্পানীগঞ্জ জোনাল অফিসের ডিজিএম হাবিবুর রহমান, কুমিল্লা উত্তর জেলা কৃষক লীগের সাধারণ সম্পাদক পার্থ সারথী দত্ত, কুমিল্লা উত্তর জেলা ছাত্রলীগের সিনিয়র সহ-সভাপতি মোঃ রুহুল আমিন, কুমিল্লা জেলা পরিষদের সদস্য খাইরুল আলম সাধন, স্বেচ্ছাসেবক লীগের সভাপতি মোঃ আতিকুর রহমান হেলাল, উপজেলা সমাজ সেবা কর্মকর্তা কবির আহম্মদ ও বাঙ্গরা বাজার থানা ছাত্রলীগের আহ্বায়ক আবুল কালাম।



যাত্রাপুর ইউনিয়নের ৫ শতাধিক পরিবারের মাঝে বিদ্যুতায়নের উদ্বোধন করেন স্থানীয় সংসদ সদস্য ইউছুফ আব্দুল্লাহ হারুন, এফসিএ।

নোয়াখালী পবিস এর উদ্যোগে বিদ্যুৎ সংযোগ উদ্বোধন

নোয়াখালী পল্লী বিদ্যুৎ সমিতির উদ্যোগে জেলার দ্বীপ উপজেলা হাতিয়ায় হরণী ও চানন্দী ইউনিয়নে সাড়ে ৮ কিলোমিটার এলাকায় ৫৫৫ জন গ্রাহকের মাঝে নতুন বিদ্যুৎ সংযোগ প্রদান করা হয়েছে। গত ২২ আগস্ট নতুন এই বিদ্যুৎ সংযোগের উদ্বোধন করেন জাতীয় সংসদের নোয়াখালী-৬ আসনের মাননীয় সংসদ সদস্য আয়েশা ফেরদৌস। বিদ্যুৎ সংযোগ উদ্বোধনের পর হরণী হাতিয়া বাজার



সুইচ টিপে বিদ্যুতায়নের শুভ উদ্বোধন করেন নোয়াখালী-৬ আসনের মাননীয় সংসদ সদস্য আয়েশা ফেরদৌস।

এলাকায় হাতিয়া পৌর মেয়র এ কে এম ইউছুফ আলী এর সভাপতিত্বে একটি আলোচনা সভা অনুষ্ঠিত হয়। বিদ্যুৎ সংযোগ উদ্বোধনের পর সংসদ সদস্য সংক্ষিপ্ত বক্তব্য রাখেন। বক্তব্যে তিনি নতুন বিদ্যুৎ সংযোগপ্রাপ্ত গ্রাহকবৃন্দকে অভিনন্দন এবং পবিসের সকল পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীদের আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানান।

ফরিদপুর পবিস এর উদ্যোগে গ্রাম শুভ বিদ্যুতায়ন

ফরিদপুর পল্লী বিদ্যুৎ সমিতির মধুখালী উপজেলার পার আশাপুর চর বামুন্সী, রুপনী এবং নারায়নপুর গ্রামের ১১.৯৬৮ কিঃ মিঃ নব নির্মিত বৈদ্যুতিক লাইন গত ১৪ আগস্ট মাননীয় সংসদ সদস্য ও আগামী লীগের যুগ্ম সাধারণ সম্পাদক মোঃ আব্দুর রহমান আনুষ্ঠানিকভাবে সুইচ টিপে শুভ উদ্বোধন করেন। বর্ণিত গ্রামসমূহে ৫৯০টি আবাসিক, ১টি বাণিজ্যিক ও ৩ টি দাতব্য প্রতিষ্ঠানে সংযোগ প্রদান করা হয়। উক্ত অনুষ্ঠানে সমিতির জেনারেল ম্যানেজার রাম শংকর রায় এবং সমিতি বোর্ডের এলাকা পরিচালক মোঃ আজিজুর রহমানসহ স্থানীয় রাজনৈতিক নেতৃবৃন্দ, সাংবাদিকবৃন্দ ও ৬০০ জন সম্মানিত গ্রাহক উপস্থিত ছিলেন। মাননীয় সংসদ সদস্য তাঁর বক্তব্যে বলেন, বর্তমান সরকার ক্ষমতায় এসেই বিদ্যুৎ উৎপাদন ও সাশ্রয়ীভাবে বিদ্যুৎ ব্যবহারে গ্রাহকগণকে উৎসাহিত করার জন্য বিশেষ মনোযোগ দিয়েছেন। তিনি তাঁর বক্তব্য আরো বলেন, বর্তমান সরকারের মাননীয় প্রধানমন্ত্রী ২০১৮ সালের মধ্যে বাংলাদেশের প্রতিটি ঘরে বিদ্যুৎ সুবিধা পৌঁছে দেয়ার রূপকল্প ঘোষণা করেছেন। বর্তমান সরকারের এই উন্নয়নের ধারাবাহিকতায় আজকে মধুখালী উপজেলায় প্রায় ১২ কিঃ মিঃ লাইন বিদ্যুতায়ন করা হলো। আগামী জুন ২০১৮ খ্রিঃ এর মধ্যে মধুখালী উপজেলা শতভাগ বিদ্যুতায়ন করা হবে। তিনি সরকারের এই উন্নয়নের বার্তা প্রতিটি ঘরে পৌঁছে দেয়ার জন্য সকলকে অনুরোধ জানান।



সুইচ টিপে বিদ্যুৎ সংযোগের উদ্বোধন করেন মাননীয় সংসদ সদস্য মোঃ আব্দুর রহমান

বাপবিবোর্ডের নতুন অতিরিক্ত প্রধান প্রকৌশলী

এর পদায়ন



গত ২ অক্টোবর বাপবিবোর্ডে অতিরিক্ত প্রধান প্রকৌশলী হিসেবে যোগদান করেন মোঃ জালাল উদ্দীন মিয়া। তিনি ৩১ মে ১৯৮৬ খ্রিস্টাব্দে বাপবিবোর্ডে সহকারী প্রকৌশলী হিসেবে যোগদান করেন। তিনি ২৮ জুন ২০০৬ খ্রিঃ তারিখে উপ-পরিচালক (কারিগরি)/নির্বাহী প্রকৌশলী, ৫ ফেব্রুয়ারি ২০১৪ খ্রিঃ তারিখে তত্ত্বাবধায়ক প্রকৌশলী হিসেবে যোগদান করেন। সুদীর্ঘ কর্মজীবনে তিনি বিভিন্ন দপ্তর/পরিদপ্তরে দক্ষতার সাথে দায়িত্ব পালন করেন। মোঃ জালাল উদ্দীন মিয়া খুলনা ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে বি.এস.সি ইঞ্জিনিয়ারিং (ইলেকট্রিক্যাল) ডিগ্রী লাভ করেন। ব্যক্তি জীবনে তিনি বিবাহিত এবং ১ ছেলে ও ২ মেয়ের জনক।

কৃতি শিক্ষার্থী



মোঃ পারভেজ খান হুদয়, গাজী ইব্রাহীম আলম চান্দ মডেল স্কুল এন্ড কলেজ থেকে ২০১৭ সালের এসএসসি পরীক্ষায় জিপিএ-৫ অর্জন করেছে। কৃতি শিক্ষার্থীর বাবা মোঃ আব্দুল মালেক খান নারায়ণগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর বন্দর জোনাল অফিসের আওতায় নিরাপত্তা প্রহরী হিসাবে কর্মরত আছেন। মোঃ পারভেজ খান হুদয় সকলের দোয়া প্রার্থী।



ফাতেমা তুজ জহুরা (আভা) মগবাজার বিটিসিএল আইডিয়াল স্কুল এন্ড কলেজ থেকে ২০১৭ সালের এস.এস.সি, জিপিএ-৫ (গোল্ডেন) অর্জন করেছে। তার পিতা মোঃ আবুল কালাম ঢাকা পবিস-২ এর এজিএম (ওএন্ডএম) এবং মাতা মাহমুদা কামাল গৃহিণী। এই কৃতি শিক্ষার্থী প্রকৌশলী হতে চায়। সে সকলের কাছে দোয়া প্রার্থী।



সৈয়দা ইসরাত জাহান নবাবগঞ্জ পাইলট স্কুল এন্ড কলেজ থেকে ২০১৭ সালের এস.এস.সি. পরীক্ষায় জিপিএ-৫ (গোল্ডেন) অর্জন করেছে। তার পিতা সৈয়দ আব্দুল বাতেন ঢাকা পবিস-২ এর একজন লাইন টেকনিশিয়ান এবং মাতা হেলেনা তালুকদার ঢাকা পবিস-২ এর কম্পিউটার অপারেটর। এই কৃতি শিক্ষার্থী প্রকৌশলী হতে চায়। সে সকলের কাছে দোয়া প্রার্থী।

বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জনসংযোগ পরিদপ্তর, সদর দপ্তর, নিকুঞ্জ-২, খিলক্ষেত, ঢাকা-১২২৯ কর্তৃক প্রকাশিত
ফোন : ৮৯০০৩১৭, পিএবিএক্স : ৫৮৯৫৬৪২২, ৫৮৯৫৬৪২৪, ৫৮৯৫৬৪২৭-৯, ৮৯০০৩১৬, ৮৯০০৩৩১, ৮৯০০৩৩৫
ফ্যাক্স : ৮৮-০২-৮৯০০৬১১, ই-মেইল : dirpublicrelabreb1977@gmail.com